Sukanta Ghosh 12/4/19 Amit Kundu. 12/04/2019

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 1st Term Examination (Question-cum-Model Answer)

**Sub:** BENGALI **Class:** 10A/B/C/D **F. M.** 75

**Duration:** 2 HOURS 30 MINUTES **Date:** 10.04.2019

## বিভাগ – ক

১. **সঠিক উত্তরটি বেছে নাওঃ** ১×১৭=১৭

১.১ তপনের মেসোমশাই–

ক. একজন লেখক

১.২ " রত্নের মূল্য জহুরির কাছেই। " – জহুরি হলেন -

ক. তপন

১.৩ তপনের লেখা গল্পের নাম

ক. প্রথম দিন

১.৪ " পর পর বছরগুলি নেমে এল " –

ক. পাথরের মত

১.৫ " বিদ্রুপ করছিলে ________ "-

খ. ভীষণকে

১.৬ " আমাদের ডানপাশে________ " -

খ. ধ্বস

১.৭ শ্রীপান্থ কাজ করেন -

খ. লেখালেখির অফিসে

১.৮ প্রাবন্ধিকদের লেখার পাত ছিল -

গ. কলাপাতা

১.৯ " অথচ কত সামান্যই না রোজগার করতেন ওরা " – ' ওরা ' হলেন -

ক. লিপি-কুশলী

১.১০ বাপ-বেটায় কাজ করে - এখানে 'বাপ-বেটায় 'হল -

ঘ. সহযোগী কর্তা

১.১১ সূর্য স্থির , পৃথিবী ঘুরছে – এখানে 'সূর্য ' হল -

গ. নিরপেক্ষ কর্তা

১.১২ কাঁচি দিয়ে চুল ছাঁটা হয় – এখানে 'কাঁচি দিয়ে' হল -

ক. যন্ত্রাত্মক করণ

১.১৩ লেখাপড়ায় জ্ঞান বৃদ্ধি হয় – ‘ লেখাপড়ায় ’ হল -

খ. উপায়াত্মক করণ

১.১৪ “ গঙ্গায় আজ কাঁচা আমের ছড়াছড়ি। ” –কোন তিথিতে ?

ঘ. বারুণী

১.১৫ বিষ্টু ধরকে পাড়ায় কী বলে ডাকে ?

খ. বোষ্টা দা

**২. কমবেশি ১৫টি শব্দে উত্তর দাওঃ** ১×১৯=১৯

২.১. ক্ষিতীশ সিংহ কোন ক্লাবের ক্লাবের চিফ ট্রেনার ছিল ?

- ক্ষিতীশ সিংহ জুপিটার সুইমিং ক্লাবের চিফ ট্রেনার ছিল।

২.২ লীলাবতীর দোকানের নাম কী ?

- লীলাবতীর দোকানের নাম প্রজাপতি।

২.৩ “ কোরাম হয়েছে তো ? ” – কোরাম কী ?

- সভায় কোনো সিদ্ধান্ত নিতে গেলে উপস্থিত ন্যূনতম সদস্য সংখ্যাকে কোরাম বলে ।

২.৪ “ সাঁতার শিখবে ? ”- কে , কাকে বলেছে ?

- এই কথাটি ক্ষিতীশ সিংহ কোনিকে বলেছে।

২.৫ অনুসর্গ কাকে বলে ?

- যে সব অব্যয় শব্দের শেষে যুক্ত হয়ে শব্দকে পদে পরিনত করে তাকে অনুসর্গ বলে।

২.৬ বিভক্তির একটি উদাহরণ দাও।

- র , এর - হল বিভক্তির উদাহরণ।

২.৭ বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখ।

- বিভক্তি একক ভাবে বসতে পারে কিন্তু অনুসর্গ একক ভাবে বসতে পারে না।

২.৮ নির্দেশক কাকে বলে ?

- নির্দেশক হল কিছু শব্দ বা শব্দাংশ যা বস্তুর আকার , প্রকার , পরিমান নির্দেশ করে তাকে নির্দেশক বলে।

২.৯ সমধাতুজ কর্মের একটি উদাহরণ দাও।

- কী খেলাই খেলছে।

২.১০ ছেলেটি সকাল থেকে কাঁদছে। – চিহ্নিত পদটির কারক বিভক্তি লেখ।

- সকাল থেকে - অপাদান কারক / কালবাচক অপাদান কারক।

২.১১ সম্বন্ধ পদ কাকে বলে ?

- যে পদ নাম পদের সঙ্গে নাম পদেত্র সম্পর্ক প্রকাশ করে তাকে সম্বন্ধ পদ কাকে বলে।

২.১২ " জ্ঞানচক্ষু খুলে গেল তপনের। " – কী দেখে তপনের জ্ঞানচক্ষু খুলে গেল ?

- নতুন মেসো একজন লেখক তা জেনে তপনের খুলে গেল।

২.১৩ " হঠাৎ ভয়ানক উত্তেজনা অনুভব করে তপন । " – কারন কী ?

- সত্যিকারের গল্পের মত একটা গল্প লিখে ফেলায় তপন ভয়ানক উত্তেজনা অনুভব করে।

২.১৪ " সারা বাড়িতে শোরগোল পড়ে যায়। " – শোরগোলের কারন কী ?

- তপনের লেখা গল্প সন্ধ্যাতারা পত্রিকায় প্রকাশিত হয়েছে একথা বাড়ির সবলক জানলে সারা বাড়িতে শোরগোল পড়ে যায়।

২.১৫ " সে জানত না । " – সে কী জানত না ?

- দরজার দাঁড় করিয়ে রাখা মানুষটি যে আর কখনো ফিরে আসবে না তা 'সে' জানত না।

## বিভাগ - খ

**৩। কমবেশি ৬০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(২x৩=৬)**

১. 'পাথরের মতো পরপর পাথরের মতো, বছরগুলো' - বছরগুলোকে পাথরের মতো বলা হয়েছে কেন? (৩)

উঃ জীবন ও জীবিকার জন্য বাসভূমি ছেড়ে দূরে চলে যাওয়া প্রেমিক মানুষটি যে আর ফিরে আসবে না, একথা প্রেমিকার অজানা ছিল। দীর্ঘ প্রতীক্ষারত প্রেমিকার জীবনে তার প্রিয়তমের অনুপস্থিতির বছরগুলো যেন পাথরের বোঝা হয়ে তার মাথার উপর নেমে আসে।

২. 'আমরা ভিখারি বারোমাস' বলতে কবি কি বুঝিয়েছেন? (৩)

উঃ শঙ্খ ঘোষের 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতায় 'আমরা ভিখারী বারো মাস' বলতে কবি মানুষের মানসিক দৈন্যের কথা বলেছেন। আপাত দূর্বল ও ভীরু সাধারণ মানুষের অবহেলিত মানসিক দৈন্যের কথা বলতে গিয়ে কবি এমন মন্তব্য করেছেন।

৩. 'সভ্যের বর্বর লোভ, নগ্ন করল আপন নির্লজ্জ অমানুষতা।' তাৎপর্য বিশ্লেষণ করো। (৩)

উঃ মানবতার পূজারি রবীন্দ্রনাথ। আফ্রিকার জনজাতির ঐতিহ্য ও সংস্কৃতির উপর নেমে আসা ঔপনিবেশিক শক্তির তথা সাম্রাজ্যবাদের হিংস্র অত্যাচারের প্রতিবাদে কবি মুখর হয়েছেন। আফ্রিকাবাসীর উপর সভ্য মানুষদের এই বর্বরোচিত অত্যাচার তাদেরই নির্লজ্জ অমানুষতাকেই প্রকাশ করে।

**৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৪x১=৪)**

১. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ- (৪)

It is very difficult to get rid of bad habits. So, we should be very careful that we do not get into bad habits in our boyhood. Idleness is one such bad habit. Every boy and girl should be diligent. They should shun idleness as poison. It should be their duty to obey the superiors and carry out their orders.



উঃ খারাপ অভ্যাস থেকে মুক্ত হওয়া খুবই কঠিন। কাজেই আমাদের সতর্ক হওয়া উচিত যে আমরা যেন আমাদের ছেলেবেলাতে খারাপ কোনো অভ্যাসের বশে না আসি। অলসতা এইরকম একটি কু-অভ্যাস।প্রত্যেকটি ছেলেমেয়ের পরিশ্রমী হওয়া উচিৎ। আলস্যকে বিষের মতো তাদের পরিহার করা উচিত। গুরুজনদের মেনে চলা এবং তাঁদের আদেশ পালন করা তাদের কর্তব্য হওয়া উচিত।

২. ছাত্র ও শিক্ষকের সম্পর্ক কেমন হওয়া উচিত তা নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।য

উঃ দুটি কাল্পনিক চরিত্রের নাম উল্লেখ করে ছোটো ছোটো সংলাপের মধ্য দিয়ে প্রশ্নের বিষয়টির আলোচনা করতে হবে।

## বিভাগ - গ

**৫। কমবেশি ১৫০ শব্দে যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৫x৫=২৫)**

১. 'কিন্তু নতুন মেসোকে দেখে জ্ঞানচক্ষু খুলে গেল তপনের।' — নতুন মেসোর পরিচয় দাও। তাকে দেখে তপনের জ্ঞানচক্ষু খুলে যাওয়ার কারণ নির্দেশ করো। (১+৪)

উঃ আশাপূর্ণা দেবী রচিত 'জ্ঞানচক্ষু' গল্পের পৃষ্ঠা সংখ্যা (১১) দ্রষ্টব্য।

২. 'অসুখী একজন' কবিতাটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

উঃ 'অসুখী একজন' কবিতার বক্তব্যটিকে সংক্ষেপে নিজের ভাষায় লিখতে হবে।

৩. 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

উঃ নামকরণ প্রসঙ্গের আলোচনা করে কবিতার বিষয়বস্তুর নিরিখে নামকরণ সার্থক কিনা তা আলোচনা করতে হবে।

৪. 'আফ্রিকা' কবিতায় মানবতার মর্মবাণী ধ্বনিত হয়েছে - কবিতাটি অবলম্বনে এই মন্তব্যের যথার্থতা নিরূপণ করো।

উঃ 'আফ্রিকা' কবিতার বিষয়বস্তু অনুসরণে কবির মানবতাবাদীরূপের চেহারাটি তুলে ধরে উক্তিটির যথার্থতা আলোচনা করতে হবে।

৫. 'জন্ম নিল ফাউন্টেন পেন।' ফাউন্টেন পেনের জন্মবৃত্তান্ত নিজের ভাষায় লেখো।

উঃ 'হারিয়ে যাওয়া কালিকলম' প্রবন্ধের পৃষ্ঠা সংখ্যা (৫২) দ্রষ্টব্য।

৬. 'আজ বারুণী, গঙ্গায় আজ কাঁচা আমের ছড়াছড়ি।' - বারুণী কি? 'কোনি' পাঠ্যাংশ অবলম্বনে সেদিনের গঙ্গা ও তার ঘাটের চিত্র বর্ণনা করো। (২+৩)

উঃ 'কোনি' উপন্যাসের প্রথম অধ্যায় দ্রষ্টব্য।

**৬। প্রবন্ধ রচনা করো ঃ- (কমবেশি ৪০০ শব্দে) (যে কোনো একটি)** **(১x১০=১০)**

(১) পরিবেশ সুরক্ষায় ছাত্রসমাজের ভূমিকা

(২) দৈনন্দিন জীবনে বিজ্ঞান

উঃ
- ভূমিকা ও উপসংহারসহ বিষয় অনুযায়ী অনুচ্ছেদ বিভাজন করে প্রতিটি প্রবন্ধ লিখতে হবে।
- বিষয় অনুযায়ী আলোচনা সীমাবদ্ধ রাখতে হবে।